FEB. 25 2001

ভোরের কাগজ

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

গাজীপুর এলাকাবাসীর আপত্তি

# বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণের সিদ্ধান্ত বাতিল

**সৈয়দ লিটন, গাজীপুর থেকে :** এলাকাবাসীর আন্দোলনের মুখে গাজীপুরের সালনায় বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নতুন করে ২৬২ দশমিক ১০ হেক্টর ভূমি অধিগ্রহণের সিদ্ধান্ত বাতিল করা হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এলাকাবাসী জানায়, গত বছরের ২৭ জুন বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৮ম সভায় বিশ্ববিদ্যালয় সম্প্রসারণের জন্য ২৬২ দশমিক ১০ হেক্টর ভূমি অধিগ্রহণ এবং বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় নতুন স্থাপনা নির্মাণের অনুমতি না দেওয়ার জন্য সরকার ও জেলা প্রশাসনের কাছে চিঠি পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এ সিদ্ধান্তে বিশ্ববিদ্যালয় সংলগ্ন সালনা, পোড়াবাড়ি ও নাগা গ্রামে বিরূপ প্রতিক্রিয়া দেখা দেয়। স্থানীয় জনগণ এ প্রস্তাবের বিরোধিতা করে নাগরিক অধিকার বাস্তবায়ন কমিটি গঠন করে। স্থানীয় আওয়ামী লীগ, জাতীয় পার্টি ও বিএনপি আন্দোলনে সমর্থন জানায়। গত ১১ ও ১৮ ফেব্রুয়ারি সালনা উচ্চ বিদ্যালয় মাঠে নাগরিক কমিটির উদ্যোগে বড়ো বড়ো দুটি জনসমাবেশ হয়।

সমাবেশে বক্তারা যেকোনো মূল্যে 'ঢালাওভাবে' অধিগ্রহণ ঠেকানোর অঙ্গীকার করেন। অন্যথায় নেতৃবৃন্দ ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়ার হুমকি দেন। উদ্ভূত পরিস্থিতিতে গতকাল শনিবার বিশ্ববিদ্যলয়ের সিন্ডিকেটের সভা আহ্বান করা হয়। সভার একপর্যায়ে নাগরিক অধিকার বাস্তবায়ন কমিটির কয়েকজন নেতৃবৃন্দকে ডাকা হয়। পরে সর্বসম্মতভাবে জনগণের 'এক ইঞ্চি জমিও অধিগ্রহণ না করার' সিদ্ধান্ত গৃহীত হয়। এ খবর সভার বাইরে আসার পর অপেক্ষমাণ শত শত লোক আনন্দ মিছিল করে।